## স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

### বাংলা

### সেমেস্টার : ৪ : কোর্স : ৩

### বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা নাটক

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। ‘নুরজাহান’ নাটকটিকে একটি ট্র্যাজেডি হিসেবে পর্যালোচনা করো। ১০

২। ‘নুরজাহান’ নাটক ঐতিহাসিক নাটক হিসেবে কতটা সার্থক আলোচনা করো। ১০

৩। ‘নুরজাহান’ নাটকে সংলাপ ও গান রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব সংক্ষেপে বিচার করো। ১০

**একক - ২**

৪। মনোজ মিত্রের ‘নরক গুলজার’ নাটকে স্বর্গ কতটা স্বর্গীয় বিচার করো। ১০

৫। ‘নরক গুলজার’ নাটকে আপাত হাসির আড়ালে সমাজের যে-ছবি ধরা পড়েছে তার পরিচয় দাও। ১০

৬। ‘নরক গুলজার’ নাটকে ব্রহ্মার নাট্যভূমিকা বিশ্লেষণ করো। ১০

**একক - ৩**

৭। ‘অয়দিপাউস নিজেই সত্যের আলো অনুসন্ধান করতে গিয়ে গভীর অন্ধকারে নিমজ্জিত হয়েছেন।’—শম্ভু মিত্রের ‘অয়দিপাউস’ নাটক অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

৮। ‘ইয়োকাস্তে থেবাইয়ের রাণী কিন্তু নাট্য পরিণতিতে শেষ পর্যন্ত সে মা-ই হয়।’— আলোচনা করো। ১০

৯। ‘ভাগ্যদেবী ওই জয়টীকা তোমার কপালে পরিয়েই তোমাকে সর্বনাশের পথে নিক্ষেপ করেছেন।’— এই উক্তির আলোকে ‘অয়দিপাউস’ নাটকের ট্র্যাজেডি বিচার করো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) শের খানের মৃত্যুর কতদিন পরে নুরজাহান জাহাঙ্গিরকে বিবাহ করতে সম্মত হন ? এই সম্মতি কার বা কাদের প্ররোচনায় ?

(খ) জাহাঙ্গিরের মৃত্যু নাটকের কোন্ অঙ্কের কোন্ দৃশ্যে ঘটে ?

(গ) ‘তোমার শত্রু ক্রেয়োন নয়, তোমার শত্রু তুমি নিজে’— বক্তা কে ? একথা বলার কারণ কী ?

(ঘ) ‘হায়, হায় রে অভাগা!’ কার উক্তি ? ‘অভাগা’ বলার কারণ কী ?

(ঙ) ‘মেজরিটি যা চায় তা করতে বাধ্য’— কোন্ প্রসঙ্গে কার উক্তি এটি ?

(চ) ‘নরক গুলজার’ কোন্ সালে রচিত ? নাটকটির অঙ্ক সংখ্যা উল্লেখ করো।